বেনাপোল পৌরসভা

বেনাপোল, যশোর।

www.benapolepaurashava.com

Email:benapolepourasava@lgd.gov.bd

2026/09/29 15:15

স্মারক নং-বেনা/পৌর/প্রশা/ইজারা/২০২৬-২০৫

তারিখঃ ০৯ আশ্বিন ১৪৩৩ / ২৪ সেপ্টেম্বর ২০২৬

উন্মুক্ত ডাকের গণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেনাপোল পৌরসভাধীন নিম্নবর্ণিত হাট-বাজার, বাস ও ট্রাক টার্মিনাল বাংলা ১৪৩৩ সনে ইজারা বন্দোবস্ত না হওয়ায় আগামী ৩য় পর্যায়ে (বাংলা ০১ কার্তিক, ১৪৩৩/১৭ অক্টোবর, ২০২৬ ইং হতে ৩০ চৈত্র, ১৪৩৩/১৩ এপ্রিল, ২০২৭ ইং তারিখ পর্যন্ত) মোট ০৬ (ছয়) মাসের খাস আদায়ের জন্য ০৬ অক্টোবর, ২০২৬ ইং তারিখ মঙ্গলবার, বিকাল ৩.০০ টায় বেনাপোল পৌরসভার সভাকক্ষে উন্মুক্ত ডাক অনুষ্ঠিত হবে। উক্ত উন্মুক্ত ডাকে আগ্রহী ব্যক্তিগণকে অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ইজারা প্রকল্পের নাম:

১। বেনাপোল হাট-বাজার

২। বেনাপোল পৌর বাস টার্মিনাল

৩। বেনাপোল পৌর ট্রাক টার্মিনাল

শর্তাবলী

১। নিলাম ডাকে অংশগ্রহণের জন্য জামানত হিসাবে হাট-বাজার ও বাস টার্মিনালের জন্য ১০,০০০/-(দশ হাজার) এবং ট্রাক টার্মিনালের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জামানত জমা প্রদান করতে হবে। যা ডাকের সাথে সমন্বয় করা হবে। অকৃতকার্য ডাককারীর জামানত বাবদ গৃহীত অর্থ ডাক শেষে ফেরৎ প্রদান করা হবে।

২। সর্বোচ্চ ডাককারীকে ডাক শেষ হওয়ার সঙ্গে সঙ্গে ডাকের সমুদয় অর্থ এবং ডাকমুল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর তাৎক্ষণিকভাবে জমা প্রদান করতে হবে। অন্যথায় ডাক গ্রহণযোগ্য হবে না এবং জামানত বাজেয়াপ্ত হবে করা হবে।

৩। বিনা রশিদে কোন টোল আদায় করা যাবে না। সরকার কর্তৃক নির্ধারিত টোল রেট অনুসারে টোল আদায় করা যাবে এর অতিরিক্ত টোল আদায় করা হলে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। ডাককারী কোন ক্রমেই অন্যের নিকট উল্লিখিত হাট-বাজার, বাস ও ট্রাক টার্মিনাল সাব-লিজ দিতে পারবেন না।

৫। ডাককারী কর্তৃক হাট-বাজার, বাস ও ট্রাক টার্মিনাল পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

৬। বিদ্যুৎ বিল, টেলিফোন বিল, পানির বিল, পরিস্কার পরিচ্ছন্নতা সহ অন্যান্য ইউটিলিটি চার্জ নির্ধারিত সময়ের মধ্যে খাস আদায় গ্রহীতা কর্তৃক পরিশোধ করতে হবে।

৭। ডাককারী কর্তৃক নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ডাক গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪/৯/২০২৬

(ফজলে ওয়াহিদ)
প্রশাসক
বেনাপোল পৌরসভা, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

৩। জেলা প্রশাসক, যশোর।

৪। উপপরিচালক, স্থানীয় সরকার, যশোর।

৫। প্রশাসক (সকল) .....পৌরসভা, যশোর (তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে নোটিশটি টাঙ্গিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো) ।

৬। প্রশাসক/ চেয়ারম্যান (সকল)..... ইউনিয়ন পরিষদ শার্শা, যশোর।

৭। জনাব.....।

৮। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, বেনাপোল পৌরসভা, বেনাপোল, যশোর।